**Bhavan's Tripura Vidyamandir**
**1st Periodic Assessment: (2025-2026)**

**Class:- 8** **Subject: Bengali**
**Time:- 2 Hours** **Total : 50 Marks**
Name of the student : Roll: Sec:

---

**১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও।** **১X৪=৪**

প্রায় দেড়শত বছর পূর্বে ইটালি দেশে গ্যাল্‌ভেনি নামক একজন অধ্যাপক দেখিতে পাইলেন যে লোহা ও তামার তার দিয়ে মরা ব্যাঙকে স্পর্শ করিলে ব্যাঙ নড়িয়া উঠে। তিনি অনেক বছর ধরিয়া এই ঘটনাটি সম্বন্ধে তথ্য অনুসন্ধান করিতে লাগলেন। এই সামান্য বিষয় লইয়া এত সময়ের অপব্যয় করিতে দেখিয়া লোকে তাঁহাকে উপহাস করিত। তাঁহার নাম হইল "ব্যাঙ নাচানো অধ্যাপক"। বন্ধুরা আসিয়া বলিতে লাগিলেন, মোরা ব্যাঙ যেন নড়িল কিন্তু ইহাতে লাভ কি? কি লাভ? এর দেড়শত বৎসরের মধ্যে বিদ্যুৎ শক্তি আবিষ্কারের ফলে পৃথিবীর ইতিহাসই যেন পরিবর্তিত হইয়া গেল।

অ)"লোহার সঙ্গে আর কোন তার দিয়ে মরা ব্যাঙকে স্পর্শ করলে ব্যাঙ নড়ে উঠে ?

i) কপার ii) স্টেইনলেস স্টিল iii) তামা iv) অ্যালুমিনিয়াম

আ) ইটালিতে অধ্যাপক গ্যালভেনি মরা ব্যাঙের এমন নড়াচড়া কত বছর আগে দেখেছিলেন?

i) পঞ্চাশ বছর ii) দেড়শত বছর iii) একশত বছর iv) তিরিশ বছর

ই) এই বিষয় নিয়ে সময় অপব্যয় করতে দেখে লোকে তাঁকে কী বলতো?

i) খারাপ বলতো ii) উপহাস করতো iii) প্রশংসা করত iv) গালাগাল করত

ঈ) '**ব্যয়**'-শব্দটির বিপরীত অর্থ হলো-

i) সংগ্রহ ii) কেনা iii) আয় iv) খরচ

**২। নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও।** **৩X২=৬**

ক) হিমাংশু টব কোথায় রাখতো? কীভাবে টবে জল দিত?

খ) "ওটা তার অজুহাত।"- কোনটা তার অজুহাত ছিল?

**৩। নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো একটি)** **৫X১=৫**

ক) হিমাংশুর চরিত্র নিজের ভাষায় বর্ণনা করো ।

খ) "ছেড়ে যেও না এবার, আমায় বাঁচাও।"- কথাটি কে কাকে বলে? কেন এই কাতর প্রার্থনা? যাকে এই কথা বলা হয়েছে, তার মানসিক অবস্থার পরিচয় দাও ।

**৪। নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও।** **৩X২=৬**

ক) দিনের আলো কীভাবে আধার করে শিশুটি চলে যায় ?

খ) পদ্মালয়া কে? পদ্মমুখী কে? কে কাকে কখন লুকিয়ে রাখেন?

**৫। নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো একটি)** **৫X১=৫**

ক) 'ছিন্ন মুকুল 'কবিতায় কবি যেসব শূন্যতার কথা বলেছেন তা নিজের ভাষায় লিখ।

খ) রামচন্দ্র কখন ,কার কাছে, কেন বিলাপ করেন? এই বিলাপের মধ্য দিয়ে তার মনের কোন অবস্থার পরিচয় পাওয়া যায়?

**৬। <u>নীচের প্রশ্নগুলো পড়ে সঠিক উত্তরটি বেছে লিখ</u>।** **১X৪=৪**

ক) 'সীতাহারা রাম '-কাব্যাংশের বক্তা কে?

i) রাম ii) লক্ষণ iii) সীতা iv) রাবণ

খ) এতদিন পর কার মনোভীষ্ট সিদ্ধ হয়?

i) সীতাদেবীর ii) বিমাতা কৈকেয়ীর iii) লক্ষণের iv) রাবণের

গ) একবার সে একটা কী গাছ কেনে ?

i) গোলাপ ফুল গাছ। ii)চন্দ্রমল্লিকা গাছ। iii) ফল গাছ। iv) এরিকা পাম গাছ।

ঘ) মেস ভেঙ্গে গেলে হিমাংশু কোথায় গিয়ে ওঠে?

i) শ্যামবাজারের একটি মেসে। ii) বাগবাজারের একটি মেসে।

iii) চব্বিশ পরগনার একটি মেসে iv) শান্তিনিকেতনের একটি মেসে।

**৭। <u>নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও।</u>** **১X৪=৪**

ক) কোথা থেকে সে গাছটা কেনে?

খ) বন্ধুর পরামর্শে হিমাংশু গাছটা কোথায় রেখে আসে ?

গ) রাম বিলাপ করেন কার কাছে?

ঘ) সবার আগে কার খাওয়া ঘুচেছে?

**৮। <u>নীচের পাঠ্য ব্যাকরণগত প্রশ্নগুলোর উত্তর দাও।</u>**

**ক) শব্দার্থ লিখ।** **১X২=২**

বিসর্জন, শয্যা

**খ) বিপরীত শব্দ লিখ।** **১X২=২**

খালি, শক্ত

**গ) পদ পরিবর্তন করো।** **১X২=২**

ভয়, শহর

**৯। <u>নীচের ব্যাকরণগত প্রশ্নগুলোর উত্তর দাও।</u>**

ক) **ব্যাস বাক্যসহ সমাস নির্ণয় করো :-** **২**

দিবানিশি , সত্য কথা

খ)**সন্ধি বিচ্ছেদ করো।** **২**

মনোগত, তপোবন

গ) **শুদ্ধ বানান লিখ:-** **২**

অ) বিদ্বান/বিদ্যমান/বিদ্দান

আ) সূভাস/সুভাষ/সোভাস

**১০। <u>নীচের সংকেত গুলো পড়ে নীতিকথা ও শিরোনাম সহ গল্প রচনা করো।</u>** **৪X১=৪**

**গল্প সংকেত:-**গৌতম বুদ্ধ উদ্যানে বসে রয়েছেন ভক্ত পরিবেষ্টিত হয়ে।ষ-------মৃত শিশু নিয়ে এক জননী এলেন----তার শিশুকে বাঁচানোর অনুরোধ করেন------বুদ্ধ বলেন, যে গৃহে কখনো মৃত্যু প্রবেশ করেনি সেখান থেকে এক মুঠো সরষে আনতে------সরষে কোথাও না পেয়ে বুঝলো মৃত্যু অনিবার্য।